# এনফোর্সমেন্ট বুলেটিন

(ফেব্রুয়ারী, ২০২৬)



## পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**

**ড. নুরুন নাহার**
অতিরিক্ত সচিব, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**তত্ত্বাবধানে**

**মোঃ জিয়াউল হক**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**

**সৈয়দ ফরহাদ হোসেন**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**

**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক

**সাবরিন সুলতানা**
উপপরিচালক

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**শেখ মোজাহীদ**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**
মার্চ-২০২৬

**প্রকাশক**
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর

**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় ফেব্রুয়ারী/২০২৬ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ফেব্রুয়ারী/২০২৬ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ১৪২ টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৩৫৩ টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৯১,০৮,৮০০/- (একানব্বই লক্ষ আট হাজার আটশত) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ২২২৭ কেজি পলিথিন ও ৫৯৪ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ২৭২ টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাটা, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ৫,০২,৯৯,০৯৫/- (পাঁচ কোটি দুই লক্ষ নিরানব্বই হাজার পঁচানব্বই) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ১৫ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**সৈয়দ ফরহাদ হোসেন**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় ফেরুয়ারী/২০২৬ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ফেরুয়ারী/২০২৬ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | ফেরুয়ারী/২০২৬ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৩ |
| ৪ | ফেরুয়ারী/২০২৬ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৬ |

## পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় ফেব্রুয়ারী/২০২৬ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম ঃ



*চিত্র ঃ এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ*




*ছবি ঃ এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি*

ফেব্রুয়ারী/২০২৬ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ২০১ (দুইশত এক) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৫,০২,৯৯,০৯৫/- (পাঁচ কোটি দুই লক্ষ নিরানব্বই হাজার পঁচানব্বই) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ২,২৬,৭৫,২৮২/- (দুই কোটি ছাব্বিশ লক্ষ পঁচাত্তর হাজার দুইশত বিরাশি) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহা-পরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোনো ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমাণ নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরূপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোনো ক্ষমতা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

# মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ফেব্রুয়ারী/২০২৬ মাসে মনিটরিং কার্যক্রম ঃ









*চিত্র: ফেব্রুয়ারী/২০২৬ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ*

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেণী পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড।

**০২ ফেব্রুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার রয়েল ক্যাবল ইন্ডাস্ট্রিজ পিএলসি কে কার্যক্রম বন্ধ ও স্থানান্তরের নির্দেশ; এইচ কে জি স্টীল মিলস লিমিটেড কে ১ লক্ষ টাকা; ঢাকা জেলার সি এক্স বি প্লাস্টিক লিঃ কে কার্যক্রম বন্ধ ও স্থানান্তরের নির্দেশ; চাঁপাইনবাবগঞ্জ জেলার ফেয়ার হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৫০ হাজার টাকা; পদ্মা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ১ লক্ষ টাকা; চাঁপাই জমজম ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৫০ হাজার টাকা; রাজশাহী জেলার এন্ডোসকপি ও মেটারনিটি সেন্টার কে ৫০ হাজার টাকা; শেরপুর জেলার ল্যাব ক্লাউড কে কার্যক্রম বন্ধ ও স্থানান্তরের নির্দেশ; এক্সুয়াল মেডিকেল নেটওয়ার্ক কে কার্যক্রম বন্ধ ও স্থানান্তরের নির্দেশ; আরবান মেডিকেল সেন্টার কে ২০ হাজার টাকা  ক্ষতিপূরণ ধার্য করা হয়। ০২ ফেব্রুয়ারী ২০২৬ তারিখে  বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক সুনামগঞ্জ জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। যানবাহনের অতিরিক্ত কালোধোঁয়া নির্গমন এবং শব্দদূষণ মোবাইল কোর্ট বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক পটুয়াখালী, নীলফামারী, চাঁপাইনবাবগঞ্জ এবং বগুড়া জেলায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যমে ১,১০,০০০/-(এক লক্ষ দশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৮ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়।






**০৩ ফেব্রুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার চেকপয়েন্ট সিস্টেমস বাংলাদেশ লিমিটেড কে ৫০ হাজার ৯০ টাকা; ঢাকা মহানগরের উত্তরা ব্লাড ব্যাংক এন্ড ট্রান্সফিউশন সেন্টার কে ৩০ হাজার টাকা; রাজবাড়ী জেলার ফার্মক্স কোম্পানী লিমিটেড কে ৩ লক্ষ টাকা; রাজশাহী জেলার ফরচুন ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; বায়োল্যাব মাল্টিকেয়ার হাসপাতাল কে ৭৫ হাজার টাকা; সিটি ব্লাড ব্যাংক এন্ড ট্রান্সফিউশন সেন্টার কে ২৫ হাজার টাকা; নেত্রকোনা জেলার হেনা ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; ভাই ভাই স মিল কে ১৫ হাজার টাকা; আয়েশা ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; মাতৃসেবা ডিজিল্যাব কে ১৫ হাজার টাকা; মেসার্স খান এন্টারপ্রাইজ স মিল কে ১৫ হাজার টাকা; জামালপুর জেলার ডেল্টা হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৪৫ হাজার টাকা; ময়মনসিংহ জেলার ভাই ভাই স মিল কি ১৫ হাজার টাকা; পাঁচতারা ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; ঈশ্বরগঞ্জ আধুনিক চক্ষু হসপিটাল কে ৩০ হাজার টাকা; চুয়াডাঙ্গা জেলার ল্যাব কেয়ার ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; আর এস আর ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; নোভা ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; রিশা ডায়াগনস্টিক সেন্টার কে ১০ হাজার টাকা; ঝিনাইদহ জেলার ইসলামী চক্ষু হাসপাতাল কে ৩০ হাজার টাকা; বাগেরহাট জেলার লাকি স্পেশালাইজড হসপিটাল কে ৫০ হাজার টাকা; পাবনা জেলার নিউ মেডিল্যাব ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; জয়পুরহাট জেলার আনোয়ারা ল্যাব এন্ড কনসালটেন্সী কে ২০ হাজার টাকা; আনোয়ারা ক্লিনিক এন্ড নার্সিং হোম কে ৫০ হাজার টাকা; নীলফামারী জেলার ইজমা ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; মমতা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৭৫ হাজার টাকা; ঠাকুরগাঁও জেলার বালা প্যাথলজি সেন্টার কে ২০ হাজার টাকা; পঞ্চগড় জেলার মেসাস আকলিমা স মিল কে ১০ হাজার টাকা; নাটোর জেলার সিটি হাসপাতাল কে ২০ হাজার টাকা; বিস্‌মিল্লাহ

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

হাসপাতাল কে ৫০ হাজার টাকা; আমিনা হাসপাতাল কে ৭৫ হাজার টাকা; ড্যাফোডিল ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; সিরাজগঞ্জ জেলার আমার হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৪০ হাজার টাকা; ঢাকা ক্লিনিক কে ২৫ হাজার টাকা এবং তালুকদার আই কেয়ার কে ৩৫ হাজার টাকা  ক্ষতিপূরণ ধার্য করা হয়।



**০৩ ফেব্রুয়ারী ২০২৬** তারিখে বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক যশোর জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১১,৫০,০০০/-(এগার লক্ষ পঞ্চাশ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। যানবাহনের অতিরিক্ত কালোধোঁয়া নির্গমন এবং শব্দদূষণ মোবাইল কোর্ট বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক পঞ্চগড়, সিলেট, শেরপুর ও ঢাকা মহানগরের সচিবালয় এলাকায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪৩ টি মামলার মাধ্যমে ৩৫,০০০/-(পয়ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে পঞ্চগড়,  ঢাকা মহানগরের বসিলা এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যেমে ৩৭,০০০/-(সাইত্রিশ হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় নীলফামারী জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০০/- (পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৪ কেজি পলিথিন জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) লংঘন করে পুরাতন ব্রাটারি হতে সীসা প্রস্তুতকারী ০১ টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে কারখানাটি উচ্ছেদ করে কারখানাটির কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।



**০৫ ফেব্রুয়ারী ২০২৬** তারিখে বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঠাকুরগাঁও ও কুমিল্লা জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৭০০,০০০/- (সাত লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয় এবং ০১ টি ইটভাটা বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২৫ শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বগুড়া জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে হাইড্রোলিক হর্ণ প্রস্তুতকারী ০২ টি প্রতিষ্ঠানকে ০২ টি মামলার মাধ্যমে ৬০,০০০/-(পয়ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৮৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।



বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য



০৮ ফেব্রুয়ারী ২০২৬ তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে রংপুর জেলার সূর্য্যের আলো পারিবারিক ক্লিনিক কে ৩৫ হাজার টাকা; বন্ধন জেনারেল হাসপাতাল কে ৭৫ হাজার টাকা; রংপুর হোম কেয়ার ডায়াগনস্টিক কে ২৫ হাজার টাকা; আলম এক্সরে কে ২০ হাজার টাকা; উত্তরা জেনারেল হাসপাতাল কে ৭৫ হাজার টাকা; উম্মেদা ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; নিউ মুক্তি ক্লিনিক কে ৫০ হাজার টাকা; নিউ মেডিনোভা ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; নর্ত কেয়ার কনসালটেশন হাব কে ২৫ হাজার টাকা; মেসার্স ডি এ বি ব্রিকস কে ৫ লক্ষ টাকা; প্রাইম মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল কে ৭ লক্ষ ৫০ হাজার টাকা; ঢাকা জেলার মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিমিটেড কে ৩০ হাজার টাকা; আল্লাহ ভরসা পিবিসি পাইপ কে কার্যক্রম বন্ধের নির্দেশ; ভিশন ওয়ামিং লিমিটেড কে ২০ হাজার টাকা; মেহেরপুর জেলার ডায়মন্ড অটোমেটিক রাইস মিল কে ১ লক্ষ টাকা; ভোলা জেলার লাইফ কেয়ার ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; গাইবান্ধা জেলার ডক্টরস চেম্বার এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; দি যমুনা ল্যাব কে ১৫ হাজার টাকা; ব্র্যাক যক্ষা রোগ নির্ণয় কেন্দ্র কে ১০ হাজার টাকা; ওয়াটারমার্ক এন্টারপ্রাইজ কে ৫০ হাজার টাকা; মেসার্স ঐশ্বর্য আতব অটো রাইস মিল কে ৭৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

**১৭ ফেব্রুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার র‍্যানকন গ্লোবাল ট্রাকস লিমিটেড কে ৫৫ লক্ষ টাকা;ঢাকা জেলার মদিনা চক্ষু হাসপাতাল কে ৫০ হাজার টাকা; নড়াইল জেলার মেসার্স জয়েন্ট স মিল কে কার্যক্রম বন্ধ ও স্থানান্তরের নির্দেশ; গাজীপুর জেলার কাজী ফার্মস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; নওগাঁ জেলার মেসার্স মা ব্রিকস কে ৫ লক্ষ টাকা; সুরক্ষা ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; মিজবাহ ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; নিউ আস্থা ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; বগুড়া জেলার মেসার্স নথ্ বেঙ্গল এন্টারপ্রাইজ ফিলিংস্টেশন কে ৪০ হাজার টাকা; মেসার্স বগুড়া ফিলিং স্টেশন কে ৪০ হাজার টাকা; মেসার্স জোৎস্না ফিলিং স্টেশন কে ৩৫ হাজার টাকা;মেসার্স শাহ সুলতান ফিলিং স্টেশন কে ৪০ হাজার টাকা এবং অতিথি ফিলিং স্টেশন কে ৩৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ১৭ ফেব্রুয়ারী ২০২৬ তারিখে বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কুড়িগ্রাম জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয় এবং ০১ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ০১ টি ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিছিন্ন করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী এবং বর্জ্য পুড়ানো দ্বারা বায়ুদূষণ করার দায়ে কুস্টিয়া, গাজীপুর, সিরাজগঞ্জ ও ঢাকা মহানগরের মিরপুর-৬০ ফিট এলাকায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচা-লনা করে ০৪ টি মামলার মাধ্যেমে ২২,০০০/- (বাইশ হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়। গাজীপুর জেলায় বর্জ্য পুড়ানে-ার দ্বারা বায়ু দূষণের কারণে একটি ট্যানারী কারখানার কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় শরীয়তপুর জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬২ কেজি পলিথিন জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(খ) ধারা লংঘন করায় বান্দরবান জেলায় পাহাড় কর্তনের দায়ে ০১ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৮০,০০০/- (আশি হাজার) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং আশে-পাশের সাধারণ জনগণকে পাহাড় কর্তনের বিষয়ে সচেতন করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক সিলেট ও কুস্টিয়া জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১০,০০০/-(দশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৩ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়।






ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১৮ ফেব্রুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার সাউথ ওয়েস্ট কম্পোজিট লিমিটেড কে ১ লক্ষ ৩১ হাজার ১৮৫ টাকা; ইফা প্রিন্টিং লিমিটেড কে ৫১ হাজার ৪৩০ টাকা; মেসার্স এস কিউ সেলসিয়াস রিমিটেড কে ৬২ হাজার ৯৬০ টাকা; দিনাজপুর জেলার ইসলামী ব্যাঙক কমিউনিটি হাসপাতাল কে ১ লক্ষ ২০ হাজার টাকা; নরসিংদী জেলার রিহাম টেক্সটাইল কে কার্যক্রম বন্ধের নির্দেশ; গোমতি হোম টেক্স কে কার্যক্রম বন্ধের নির্দেশ; আদুরী ডাইং কে ২ লক্ষ টাকা; আবেদ টেক্সটাইল কে ৬ লক্ষ ৫১ হাজার টাকা; মেসার্স রুপসদী টেক্সটাইল কে অভিযোগ হতে অব্যাহতি প্রদান; জাহানারা কটন টেক্স লিঃ কে ৮ লক্ষ টাকা; এফ আর ডেনিম লিমিটেড কে ৫০ হাজার টাকা; জামালপুর জেলার আলী ন্যাচারাল অয়েল মিলস এন্ড এগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ কে ১ লক্ষ ৯ হাজার ৬০০ টাকা; সাতক্ষীরা জেলার ইসলামী ব্যাংক কমিউনিটি হাসপাতাল কে ১ লক্ষ ৫০ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার ফেয়ার এপারেলস কে ২ লক্ষ ৫১ হাজার ৫০০ টাকা; ইউনাইটেড এপারেলস লিৎ কে ৫ লক্ষ ৭২ হাজার ৫০০ টাকা; ফোর ডিজাইন (প্রাঃ) লিঃ কে ৬৬ হাজার ৫০০ টাকা; ঢাকা টেক্সটাইল মিলস লিৎ কে ৭ লক্ষ ৬১ হাজার ৬০০ টাকা; রনি ডাইং এন্ড ফিনিশিং মিলস (প্রাঃ) লিঃ কে ১ লক্ষ ২২ হাজার ৮৮০ টাকা; জাহিন নীটওয়্যারস লিঃ কে ৪১ লক্ষ ৫৮ হাজার টাকা; ইয়েস্টার জিন্স লিঃ কে ৫ লক্ষ ৪০ হাজার টাকা; টাংগাইল জেলার মর্ডাণ হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৩৫ হাজার টাকা; চাঁপাইনবাবগঞ্জ জেলার মহানন্দা স্পেশালাইজড হসপিটাল কে ৫০ হাজার টাকা; ঢাকা জেলার সুরভি ফার্টিরিটি কেয়ার কে ২০ হাজার টাকা; গ্লোবাল আউটারওয়্যার লিঃ কে ৩৪ লক্ষ ৫ হাজার টাকা; মাদার মেটাল ইন্ডাস্ট্রিজ কে ৫০ হাজারটাকা; ভুলুয়া ফুটওয়্যার ইন্ডাস্ট্রিজ কে ৫৩ হাজার ৫৩০ টাকা; মায়ের দোয়া ওয়াশিং কে কার্যক্রম বন্ধের নির্দেশ; এম এন্ড এম ইয়ার্ণ ডাইং মিলস কে ২৪ লক্ষ ২৮ হাজার ৮০০ টাকা এবং রংপুর জেলার ভিআইপি শাহাদাৎ পোল্ট্রি এন্ড হ্যাচারী কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ১৮ ফেব্রুয়ারী ২০২৬ তারিখে বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কুড়িগ্রাম জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয় এবং ০১ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় নওগাঁ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৫ কেজি পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের নিউমার্কেট এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১১,০০০/- (এগারো হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কুড়িগ্রাম, বান্দরবান, নোয়াখালী ও নারায়ণগঞ্জ জেলায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৪ টি মামলার মাধ্যমে ১৬,০০০/-(ষোল হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের বসিলা এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যেমে ২০,০০০/- (বিশ হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**১৯ ফেব্রুয়ারী ২০২৬** তারিখে বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক সিলেট জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয় এবং ০১ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঠাকুরগাঁও জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৩,০০০/-(তিন হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়।





**২২ ফেব্রুয়ারী ২০২৬** তারিখে যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শিশুমেলা, শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, নীলফামারী, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৬ টি মামলার মাধ্যমে ১৬,৩০০/-(ষোল হাজার তিনশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের মিরপুর-১১ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**২৩ ফেব্রুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার সফুরা রাবার এন্ড প্লাস্টিক লিমিটেড কে ৪ লক্ষ টাকা; তানভির সুজ কে কার্যক্রম বন্ধের নির্দেশ; গোপালগঞ্জ জেলার বাংলা ভিসতা কার্বন ইন্ডাস্ট্রিজ লিঃ কে কার্যক্রম বন্ধের নির্দেশ; সিরাজগঞ্জ জেলার এস বি উইবিং ফ্যাক্টরী কে ৫০ হাজার টাকা; জনতা কালার হাউজ কে ৩০ হাজার টাকা; পঞ্চগড় জেলার মেসার্স তিশা এন্ড তন্নী ফিলিং স্টেশন কে ৫০ হাজার টাকা; বগুড়া জেলার শম্বা দধি ভান্ডার কে ২০ হাজার টাকা এবং দিনাজপুর জেলার দি সেবা এক্সরে এন্ড প্যাথলজি কে ২৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। গাজীপুর জেলার ওয়ান্ডার ওয়াশিং প্লান্ট কে ৭৫ হাজার টাকা; সেপাল ওয়াশিঙ প্লান্ট লিমিটেড কে ২০ হাজার টাকা; ডেনিম্যাক ওয়াশিং লিঃ কে ৫৭ হাজার ৬০০ টাকা; আলিফ জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক কে ৫০ হাজার টাকা; স্ট্যান্ডার্ড ওয়াম লিঃ কে ১ লক্ষ ৪০ হাজার ৪০০ টাকা; কুস্টিয়া জেলার মেসার্স চিশতিয়া অটো রাইস মিল কে ৭৫ হাজার টাকা; টাংগাইল জেলার নাসির সিনট্যাক্স মটরস লিঃ কে ৯ লক্ষ টাকা; ডেল্টা ক্লিনিক এন্ড হসপিটাল কে ৫০ হাজার টাকা; যশোর জেলার সায়েরা সার্জিক্যাল ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৪০ হাজার টাকা; আল শিফা হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৭৫ হাজার টাকা; নাভারন সিটি হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৪০ হাজার টাকা; নরসিংদী জেলার মা-সখিনা টেক্সটাইল কে ১ লক্ষ টাকা; মাসকো এক্সপোর্টস লিমিটেড কে ৭ লক্ষ ৮৮ হাজার টাকা; আমানত শাহ ফেব্রিকস লিঃ কে ৮৬ হাজার ৪০০ টাকা; মেসার্স ফাইভ এন্ড ফাইভ ডাইং প্রিন্টিং ওয়ার্কস লিঃ কে ৮ লক্ষ ৪ হাজার টাকা; মেসার্স জে এস টেক্সটাইল কে ১ লক্ষ টাকা; জেনিথ স্পিনিং মিলস লিৎ কে ১ লক্ষ টাকা; ঢাকা জেলার কনকর্ড এন্টারটেইনমেন্ট কোং লিঃ কে অভিযোগ হতে অব্যাহতি প্রদান এবং কোকো প্যাকেজিং কে ৩ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক শরীয়তপুর জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, লালমনিরহাট, শেরপুর, সিলেট ও ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৩ টি মামলার মাধ্যমে ২০,২০০/-(বিশ হাজার দুইশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী ও বর্জ্য পুড়ানোর দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের মিরপুর-১১ ও মাতুয়াইল ডাম্পিং স্টেশন এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ১০,০০০/- (দশ হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়। মাতুয়াইল ডাম্পিং স্টেশনের ময়লা পুড়ানোর ব্যাপারে ডেমরাস্থ ফায়ার সার্ভিস ইউনিট কে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনসহ নিয়মিত মনিটরিং করার জন্য ফায়ার সার্ভিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সহকারি ইঞ্জিনিয়ার কে পরামর্শ প্রদান করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**২৫ ফেব্রুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার লেজার উড ল্যান্ড কে ২৫ লক্ষ টাকা; লেজার মেরিনা স্পোর্ট লিঃ কে ১২ লক্ষ ৫০ হাজার টাকা; ময়মনসিংহ জেলার এন আর জি কম্পোজিট ইয়ার্ণ ডাইং লিঃ কে ৮৫ লক্ষ ৫৩ হাজার ৬০০ টাকা; নরসিংদী জেলার সান হেলথ কেয়ার ডায়াগনস্টিক সেন্টার এন্ড হাসপাতাল কে ৪০ হাজার টাকা; বগুড়া জেলার বগুড়া ভান্ডার এগ্রো ফার্ম কে ২০ হাজার টাকা; নিউ ডায়মন্ড প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ কে ৩ লক্ষ টাকা; মানিকগঞ্জ জেলার মেসার্স ফৌজিয়া ব্রিকস কে ৫ লক্ষ টাকা;রাজশাহী জেলার বাংলাদেশ আই হাসপাতাল রাজশাহী লিঃ কে ৩০ হাজার টাকা; ঢাকা জেলার বিআইএইচএস জেনারেল হাসপাতাল কে ৪৫ হাজার টাকা; মিলেনিয়াম স্পেশালাইজড হসপিটাল লিঃ কে ২৫ হাজার টাকা; এইচআরএস ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক লিঃ কে ৫০ হাজার টাকা এবং হোটেল সাকিল ইন্টারন্যাশনাল কে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তর কর্তৃক শরীয়তপুর ও নওগাঁ জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৩১০,০০০/- (তিন লক্ষ দশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক যশোর ও কুস্টিয়া জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ১০,৫০০/-(দশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঝিনাইদহ, লালমনিরহাট, কুস্টিয়া ও ঢাকা মহানগরের বসিলা এলাকায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যেমে ৫৩,০০০/- (তিপ্পান্ন হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়। মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মিরপুর-১ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৯,০০০/- (নয় হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

দৈনিক
দেশ মা
সরকারি মিডিয়া ভুক্ত
The Daily Desh Maa
দেশের কথা বলে

## পঞ্চগড়ে ভ্রাম্যমান আদালতের অভিযান: জরিমানাসহ হাইড্রোলিক হর্ণ জব্দ



পঞ্চগড় প্রতিনিধি:

পঞ্চগড়ে বায়ুদূষণ ও শব্দদূষণ নিয়ন্ত্রণে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে জরিমানা আদায় ও ১১টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালে পঞ্চগড় জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর এর যৌথ উদ্যোগে জেলার সদর উপজেলার পঞ্চগড়-তেঁতুলিয়া রোডস্থ সদর ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণ এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে নির্মাণ সামগ্রী পরিবহণে ব্যবহৃত গাড়ি অনাবৃত অবস্থায় পরিবহণের মাধ্যমে বায়ু দূষণ করার অপরাধে ১জন ট্রলি ড্রাইভারকে ২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়া যানবাহনে নির্ধারিত মানমাত্রার অতিরিক্ত শব্দের হর্ণ ব্যবহার করার অপরাধে ৬ ট্রাকের ড্রাইভারকে মোট সাড়ে ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং নির্ধারিত মানমাত্রার অতিরিক্ত শব্দের হর্ণ ব্যবহারকারী ১১ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। জেলা প্রশাসন, পঞ্চগড় এর সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাবেরার আলম অভিযানে নেতৃত্ব প্রদান করেন এবং পরিবেশ অধিদপ্তর, পঞ্চগড় এর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. ইউসুফ আলী প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন। জেলা পুলিশ, পঞ্চগড় এর একদল সদস্য অভিযানে পরিচালনায় সহযোগিতা করেন।

পঞ্চগড় পরিবেশ অধিদপ্তর এর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. ইউসুফ আলী বলেন, পঞ্চগড় পরিবেশ অধিদপ্তর এর পক্ষ থেকে এ ধরনের অভিযান চলমান থাকবে।

দৈনিক
উত্তরবাংলা
The Daily Uttarbangla

হোটেল ড্রীম


# পঞ্চগড়ে বায়ু ও শব্দদূষণের অপরাধে দুই চালককে জরিমানা ও হর্ণ জব্দ

নিজস্ব রিপোর্টার, পঞ্চগড় : পঞ্চগড় জেলা প্রশাসন, পঞ্চগড় ও পরিবেশ অধিদপ্তর, পঞ্চগড়ের যৌথ উদ্যোগে মঙ্গলবার (৩ ফেব্রুয়ারী) পঞ্চগড় সদর উপজেলার পঞ্চগড়-তেঁতুলিয়া সড়কের সদর ইউনিয়ন পরিষদ সংলগ্ন মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে নির্মাণ সামগ্রী পরিবহণে ব্যবহৃত গাড়ি অনাবৃত অবস্থায় পরিবহণের মাধ্যমে বায়ু দূষণ করার অপরাধে একজন ট্রলি চালককে দুই হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া যানবাহনে নির্ধারিত মানমাত্রার অতিরিক্ত শব্দের হর্ণ ব্যবহার করার অপরাধে ছয় টি ট্রাকের চালককে মোট পাঁচ হাজার পাঁচশত টাকা জরিমানা করা হয় এবং নির্ধারিত মানমাত্রার অতিরিক্ত শব্দের হর্ণ ব্যবহারকারী ১১টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। জেলা প্রশাসন, পঞ্চগড়ের সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাবেরার আলম অভিযানে নেতৃত্ব প্রদান করেন এবং পরিবেশ অধিদপ্তর, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইউসুফ আলী প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন। অভিযান পরিচালনাকালে পুলিশের একদল ফোর্স উপস্থিত ছিলেন।



বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস” অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।




ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

দৈনিক দেশ মা
সরকারি মিডিয়া ভুক্ত
The Daily Desh Maa
দেশের কথা বলে

## পঞ্চগড়ে ভ্রাম্যমান আদালতের অভিযান: জরিমানাসহ হাইড্রোলিক হর্ন জব্দ



পঞ্চগড় প্রতিনিধি

**পঞ্চগড়ে বায়ুদূষণ ও শব্দদূষণ নিয়ন্ত্রণে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে জরিমানা আদায় ও ১১টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়েছে।**

আজ মঙ্গলবার সকালে পঞ্চগড় জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর এর যৌথ উদ্যোগে জেলার সদর উপজেলার পঞ্চগড়-তেঁতুলিয়া রোডস্থ সদর ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণ এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে নির্মাণ সামগ্রী পরিবহণে ব্যবহৃত গাড়ি অনাবৃত অবস্থায় পরিবহণের মাধ্যমে বায়ু দূষণ করার অপরাধে ১জন ট্রলি ড্রাইভারকে ২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়াও মানমাত্রার নির্ধারিত মানমাত্রার অতিরিক্ত শব্দের হর্ণ ব্যবহার করার অপরাধে ২ ট্রাকের ড্রাইভারকে মোট সাড়ে ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং নির্ধারিত মানমাত্রার অতিরিক্ত শব্দের হর্ণ ব্যবহারকারী ১১ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। জেলা প্রশাসন, পঞ্চগড় এর সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট [illegible] অভিযানে নেতৃত্ব প্রদান করেন এবং পরিবেশ অধিদপ্তর, পঞ্চগড় এর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. ইউসুফ আলী প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন। জেলা পুলিশ, পঞ্চগড় এর একদল সদস্য অভিযানে পরিচালনায় সহযোগিতা করেন।

পঞ্চগড় পরিবেশ অধিদপ্তর এর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. ইউসুফ আলী বলেন, পঞ্চগড় পরিবেশ অধিদপ্তর এর পক্ষ থেকে এ ধরনের অভিযান চলমান থাকবে।

দৈনিক উত্তরবাংলা
The Daily Uttorbangla

হোটেল ড্রীম

## পঞ্চগড়ে বায়ু ও শব্দদূষণের অপরাধে দুই চালককে জরিমানা ও হর্ণ জব্দ

নিজস্ব প্রতিবেদক, পঞ্চগড় : পঞ্চগড় জেলা প্রশাসন, পঞ্চগড় ও পরিবেশ অধিদপ্তর, পঞ্চগড়ের যৌথ উদ্যোগে মঙ্গলবার (৫ ফেব্রুয়ারী) পঞ্চগড় সদর উপজেলার পঞ্চগড়-তেঁতুলিয়া সড়কের সদর ইউনিয়ন পরিষদ সংলগ্ন মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে নির্মাণ সামগ্রী পরিবহণে ব্যবহৃত গাড়ি অনাবৃত অবস্থায় পরিবহণের মাধ্যমে বায়ু দূষণ করার অপরাধে একজন ট্রলি চালককে দুই হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া মানমাত্রার নির্ধারিত মানমাত্রার অতিরিক্ত শব্দের হর্ণ ব্যবহার করার অপরাধে দুই টি ট্রাকের চালককে মোট পাঁচ হাজার পাঁচশত টাকা জরিমানা করা হয় এবং নির্ধারিত মানমাত্রার অতিরিক্ত শব্দের হর্ণ ব্যবহারকারী ১১টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। জেলা প্রশাসন, পঞ্চগড়ের সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট [illegible] অভিযানে নেতৃত্ব প্রদান করেন এবং পরিবেশ অধিদপ্তর, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইউসুফ আলী প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন। অভিযানে



বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক "রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে"



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়